



সূত্র : মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৬৮৬/ ৪৪৩

তারিখ :

০৭ ফাল্গুন ১৪৩০

২০ ফেব্রুয়ারি ২০২৪

## অভিযোগনামা

যেহেতু, আপনি জনাব আব্দুল্লাহ ইবনে মফিজ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগে সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় Wayne State University, America-এ পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য পূর্ণ বেতনে গত ১৭/০৮/২০১৩ তারিখে ০১ বছরের শিক্ষা ছুটি নিয়ে America গমন করেন। ০১ (এক) বছর শিক্ষা ছুটি শেষ হওয়ার পর আপনার আবেদনের পরিপ্রেক্ষিতে শিক্ষা ছুটির মেয়াদ পর্যায়ক্রমে ১৬/০৮/২০১৮ তারিখ পর্যন্ত বার্ষিক করা হয়। আপনি মোট ০৫ (পাঁচ) বছর শিক্ষা ছুটি ভোগ করেন; এবং

২. যেহেতু, আপনি শিক্ষা ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ১৭/০৮/২০১৮ তারিখ হতে আরো ০৬ মাস শিক্ষা ছুটির মেয়াদ বৃদ্ধির আবেদন করলে তা মঞ্জুর না হওয়ায় আপনাকে ২৯/১১/২০১৮ তারিখে মাভাবিপ্রবি/রেজিঃ/ সংস্থাপন-২/পি-৬৮৬/৩১৭৬(৮) নং স্মারকে বিভাগের কর্তব্যকাজে যোগদান করতে বলা হয়; এবং

৩. যেহেতু, কর্তব্যকাজে যোগদানের নির্দেশ দেয়া সত্ত্বেও আপনি অননুমোদিতভাবে অনুপস্থিত থেকে পুনরায় ২৮/১২/২০২০ তারিখে শিক্ষা ছুটির আবেদন করেন। প্রার্থীত এ ছুটিও মঞ্জুর না হওয়ায় আপনাকে স্মারক নং মাভাবিপ্রবি/রেজিঃ/ সংস্থাপন-২/পি-৬৮৬/১৯০৩(৯), তারিখ: ১৯/০৯/২০২১ এর মাধ্যমে ০১ মাসের মধ্যে বিভাগের কর্তব্য কাজে যোগদান করতে বলা হয়; এবং

৪. যেহেতু, আপনাকে কর্মস্থলে যোগদান করার জন্য ০২ (দুই) দফা নির্দেশ দেয়ার পরও যোগদান না করে ডিসেম্বর ২০২১ মাসের মধ্যবর্তী সময় পর্যন্ত শিক্ষা ছুটি চেয়ে আরেকটি আবেদন করেন। পরবর্তীতে আপনি গত ১৫/১২/২০২১ তারিখে কর্মস্থলে যোগদানপত্র দাখিল করে অদ্যাবধি নিরুদ্দেশ রয়েছেন; এবং

৫. যেহেতু, আপনি কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে গত ১৭/০৮/২০১৮ তারিখ হতে বিনানুমতিতে কর্মস্থলে অনুপস্থিত রয়েছেন যা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ২ (খ) এবং (চ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য এবং শাস্তিযোগ্য অপরাধ;

সেহেতু, এক্ষণে আপনাকে উক্ত অভিযোগের পরিপ্রেক্ষিতে সরকারী কর্মচারী (আপীল ও শৃঙ্খলা) বিধিমালা ২০১৮ এর ২ (খ) এবং (চ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) দায়ে অভিযুক্ত করা হলো এবং উক্ত অভিযোগের দায়ে এ বিধিমালার ৪(৫) (গ) এবং (ঘ) ধারা মোতাবেক কেন আপনাকে চাকরি হতে বরখাস্ত (Dismissal From Service) করা হবে না বা অন্য কোন শাস্তি প্রদান করা হবে না অত্র পত্র প্রাপ্তির ১০ (দশ) কার্যদিবসের মধ্যে নিম্নস্বাক্ষরকারীর নিকট যথোপযুক্ত কারণ দর্শানোর জন্য নির্দেশ দেয়া হলো। একই সাথে আপনি ব্যক্তিগতভাবে শুনানির ইচ্ছা পোষন করেন কিনা তাও জানাতে নির্দেশ প্রদান করা হলো।

অভিযোগ বিবরণীর এক প্রত্ন এতদসঙ্গে সংযুক্ত করা হলো।



(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার

মাভাবিপ্রবি।

## প্রাপক-

জনাব আব্দুল্লাহ ইবনে মফিজ  
সহকারী অধ্যাপক (অননুমোদিতভাবে অনুপস্থিত)  
ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগ  
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২।  
e-mail: [aimbadul0058@gmail.com](mailto:aimbadul0058@gmail.com)

স্থায়ী ঠিকানাঃ  
জনাব আব্দুল্লাহ ইবনে মফিজ  
প্রযত্নে- মোঃ মফিজুর রহমান  
গ্রাম- দেড়পাড়া  
ডাকঘর- ফুলগাজী  
উপজেলা- ফুলগাজী  
জেলা- ফেনী



রেজিস্ট্রার-এর কার্যালয়

# মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়




সন্তোষ, টাঙ্গাইল- ১৯০২। ফোনঃ ০২৯৯৭৭৫৩০১১, টেলি-ফ্যাক্সঃ ০২৯৯৭৭৫৩০১৩

সূত্র : মাভাবিপ্রবি/রেজিঃ/সংস্থাপন-২/পি-৬৮৬/ ৪৪৩

তারিখ : ০৭ ফাল্গুন ১৪৩০  
২০ ফেব্রুয়ারি ২০২৪

## অভিযোগ বিবরণী

আপনি জনাব আব্দুল্লাহ ইবনে মফিজ মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ফুড টেকনোলজি এন্ড নিউট্রিশনাল সায়েন্স বিভাগে সহকারী অধ্যাপক পদে কর্মরত অবস্থায় Wayne State University, America-এ পিএইচডি প্রোগ্রামে অধ্যয়নের জন্য গত ১৭/০৮/২০১৩ তারিখে পূর্ণ বেতনে শিক্ষা ছুটিতে গমন করে ১৬/০৮/২০১৮ তারিখ পর্যন্ত পর্যায়ক্রমে ৫ বছর শিক্ষা ছুটি ভোগ করেন। ছুটি শেষে কর্মস্থলে যোগদান না করে ১৭/০৮/২০১৮ তারিখ হতে আপনি অননুমোদিতভাবে অনুপস্থিত রয়েছেন। আপনাকে কর্মস্থলে যোগদানের জন্য বার বার নির্দেশ দেয়ার পরও যোগদান না করে কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করে ফের ডিসেম্বর ২০২১ মাসের মধ্যবর্তী সময় পর্যন্ত শিক্ষা ছুটি চেয়ে আবেদন প্রেরণ করেন। পরবর্তীতে গত ১৫/১২/২০২১ তারিখে কর্মস্থলে যোগদানপত্র দাখিল করে অদ্যাবধি নিরুদ্দেশ রয়েছেন। একের পর এক কর্তৃপক্ষের নির্দেশ অমান্য করা এবং দীর্ঘদিন ছুটি ব্যতীত নিয়ম বহির্ভূতভাবে কর্মস্থলে অনুপস্থিত থাকা সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালা- ২০১৮ এর ২ (খ) এবং (চ) ধারা অনুযায়ী অসদাচরণ (Misconduct) ও পলায়ন (Desertion) হিসেবে গন্য। আপনি বর্ণিত ধারা মোতাবেক অসদাচরণ (Misconduct) ও পলায়নের (Desertion) দায়ে অভিযুক্ত হয়েছেন।

  
(ড. মোহাঃ তৌহিদুল ইসলাম)

রেজিস্ট্রার  
মাভাবিপ্রবি।